

দৈনিক ইণ্ডিপেন্সী বি



29 JAN 1908

অরিধ
পৃষ্ঠা 3

20

ডাকসুনির্বাচনে আজ মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন

ছাত্র সংগ্রাম পরিষদে সমরোতা প্রতিষ্ঠা তবে হল সংসদে জটিলতা কমেনি

।। স্টাফ রিপোর্টার ।।

ডাকসুনির্বাচনে আজ মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। পদ বন্টনের জটিলতায় আক্রান্ত ছাত্র সংগ্রাম পরিষদের পর দুইনের সভায় দীর্ঘ আলোচনার পর কিছুটা সমরোতায় পৌছেছে। সে প্রেক্ষিতে সুলতান-মুশতাক পরিষদের কোন কোন প্রার্থী আজ প্রার্থীপদ প্রত্যাহার করবেন বলে জানা গেছে। মোস্তফা-ফিরোজ পরিষদ এবং মাশরুর-জানীম পরিষদের ভিপি জিএস প্রার্থীদের প্রার্থী পদ প্রত্যাহার করার কথা। আর এই দুই পরিষদের কর্যকর্তাঙ্ককে সুলতান-মুশতাক পরিষদে অন্তর্ভুক্ত করা হতে পারে।

অপরাদিকে ডাকসুনির্বাচনে আবেক্ষণ্য প্রার্থী পদে প্রার্থী পদ প্রত্যাহার করবেন বলে জানা গেছে।

আর্থিতারক্ষণান্বের
রাজা-রানা পরিষদের সবাই মনোনয়নপত্র
প্রত্যাহার করবেন। এবারের নির্বাচনে এই
পরিষদের কেউ কোন পদ প্রার্থী আগ্রহী
নন।

শেষ পঃ ৩-এর কঃ দেখুন

ডাকসুনির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

ডাকসুনির্বাচনকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা এখন সভা-সমাবেশ আর, আলোচনা-সমালোচনায় সরগরম। দেয়াল-লিখন শুরু হয়েছে বেশ কয়দিন আগে থেকেই। পোস্টার, ফেস্টুন, ব্যানারও এখন ক্যাম্পাসে শোভা পাচ্ছে। গতকালও জাতীয়তাবাদী ছাত্র দলের দুর্দু-রিপন পরিষদসহ বিভিন্ন প্যানেলের পক্ষ থেকে ক্যাম্পাসে মিছিল বের হয়েছে। জনপ্রিয় ফুটবল তারকা কায়সার হামিদকে সামনে নিয়ে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বড় ধরনের একটি মিছিল ছাত্র-ছাত্রীদের দৃষ্টি আকর্ষণ করেছে।

দুর্দু-রিপন পরিষদের ক্রীড়া সম্পাদক পদপ্রার্থী কায়সার হামিদ মিছিল শেষে মধ্যের কেন্টিনের সামনে এক সমাবেশে বক্তৃতায় খেলাধুলায় বিশ্ববিদ্যালয়ের হারানো গৌরব ফিরিয়ে আনার সংকল্প ব্যক্ত করেন। অপরাদিকে সুলতান-মুশতাক পরিষদের ক্রীড়া সম্পাদক মানিকের সমর্থনেও গতকাল ক্যাম্পাসে একটি মিছিল বের হয়।

গতকাল সকাল ৯টার দিকে ইসলামী ছাত্র শিবির শামসু-আর্মিন পরিষদের সমর্থনে একটি মিছিল বের করলে কৃতিপ্রয় যুবক হামলা চালায়। এতে বেশ কয়জন শিবিরকর্মী আহত হন। এই হামলার প্রতিবাদে জাতীয় প্রেস ক্লাবের সামনে এক সমাবেশে শিবিরের সভাপতি শামসুল ইসলাম হামলার জন্য ছাত্র সংগ্রাম পরিষদকে দায়ী করেন। তিনি ব্যালটের মাধ্যমে সন্ত্রাস সৃষ্টিকারীদের প্রত্যাখ্যান করার আহ্বান জানান।

এদিকে ডাকসুনির্বাচনকে কেবল করে ছাত্র সংগ্রাম পরিষদ চারখণ্ডে বিভক্ত হয়ে পড়লে ৮ দল ও ৫ দলের কোন কোন প্রভাবশালী নেতা পুনরায় এক্যুবন্ধ হওয়ার জন্য ছাত্র নেতৃত্বদের ওপর চাপ প্রয়োগ করেন। সেই প্রেক্ষিতে ছাত্র সংগ্রাম পরিষদ শুক্রবার রাতে বাসদ অফিসে এবং গতকাল ডাকসুনির্বাচনকে কেবল করে ছাত্র সমরোতায় পৌছে। রাজা-রানা পরিষদ আজ এক সাংবাদিক সম্মেলনে তাদের বক্তব্য পেশ করবে। এই পরিষদভুক্ত একজন ছাত্র নেতা বলেন, ছাত্র সংগ্রাম পরিষদে একজন নেতৃত্ব চাপিয়ে দেয়া সিদ্ধান্ত তথ্য অগণতাত্ত্বিক রাজনীতি চর্চার প্রতিবাদেই আমরা পৃথক প্যানেল দিয়েছিলাম। এখন জামায়াত-শিবিরের সহায়ক শক্তিকে মোকাবেলা করার লক্ষ্যেই এক্যুবন্ধ হয়েছি। তবে হল সংসদে প্রার্থীপদ প্রত্যাহার করে এক্যুবন্ধভাবে সংগ্রাম পরিষদের প্যানেল দেয়া জটিল ব্যাপার বলে তিনি উল্লেখ করেন।